

খুচরা মুদ্রা বন্টনের জন্য ভারতীয় রিজার্ভ ব্যাংক এজেন্সি নিযুক্ত করবে

২৯শে আগস্ট, ২০০২

ভারতের রিজার্ভ ব্যাংক খুচরা মুদ্রা বন্টনের জন্য পরীক্ষামূলক ভাবে এজেন্সি নেবার আবেদন পত্র চেয়েছে। রিজার্ভ ব্যাংক ঘোষণা করেছে যে খুচরা মুদ্রা বন্টনের জন্য এজেন্সিদের সার্ভিস চার্জ দেওয়া হবে। কাউন্টার থেকে প্রতিটি মুদ্রার ব্যাগ নেবার জন্য রিজার্ভ ব্যাংক ২৫০ টাকা সার্ভিস চার্জ দেবে। এজেন্সিগুলিকে এই খুচরা মুদ্রা জনসাধারণকে আসল মূল্যে বন্টন করতে হবে কোনও মূল্য/কমিশন ছাড়া। মুদ্রাগুলি এক টাকা, দুই টাকা, পাচ টাকা ও পচিশ পয়সা ও পঞ্চাশ পয়সা মূল্যে পাওয়া যাবে।

এজেন্সিরা, যেমন পাবলিক সেক্টর আন্ডারটেকিং, সমবায় ব্যাংক, আঞ্চলিক গ্রামীণ ব্যাংক, গণ্যমান্য ও কেন্দ্রীয়/আঞ্চলিক সমাজ কল্যাণ সংস্থা (সরকারী সাহায্য প্রাপ্ত হওয়া বাঞ্ছনীয়), তাদের গ্রাহক/জনসাধারণকে এই মুদ্রা বন্টনের জন্য রিজার্ভ ব্যাংকের সাথে যোগাযোগ করতে পারেন। নির্বাচিত এজেন্সিদের যদিও কিছু সর্ত মেনে চলতে হবে। সর্তগুলির মধ্যে আছে তাদের মুদ্রার পুরো ব্যাগ পুরো মূল্য দিয়ে রিজার্ভ ব্যাংক কাউন্টার থেকে সংগ্রহ করতে হবে। প্রতিটি ব্যাগের মূল্য হল :

Paise 25	১২৫০ টাকা
Paise 50	২৫০০ টাকা
Re.1 -	২৫০০ টাকা
Rs.2 -	৫০০০ টাকা
Rs.5 -	১০০০০ টাকা

রিজার্ভ ব্যাংক সংগৃহীত আসল মুদ্রা অনুযায়ী এজেন্সিদের প্রতি মাসে ব্যাগ পিছু ২৫০ টাকা সার্ভিস চার্জ দেবে। এজেন্সিরা তাদের নিজের খরচায় যাতায়াত ও নিরাপত্তার ব্যবস্থা করবেন।

রিজার্ভ ব্যাংক ঘোষণা করেছে যে এই সুবিধা খুবই নির্বাচিত ভিত্তিতে শুরুতে কেবল ছয় মাসের জন্য দেওয়া হবে। এজেন্সিদের নির্বাচন করা হবে তাদের পূর্ব কার্যকলাপ বিচারের ভিত্তিতে। সময়কাল শেষ হবার পর জনসাধারণকে ব্যাংক/সংস্থাদ্বারা মুদ্রা বন্টনের কার্য সম্পাদনের মান বিচার করে, ভারতীয় রিজার্ভ ব্যাংক এই সুবিধা পুনরারম্ভ করতে পারে। এক মাসের নোটিশে এই সুবিধা বাতিল করার অধিকার রিজার্ভ ব্যাংকের থাকবে। বাতিল করা সহ রিজার্ভ ব্যাংকের এই কর্মপন্থার সব রকম সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

আগ্রহী সংস্থাগুলিকে রিজার্ভ ব্যাংক, আহমেদাবাদ, ব্যাঙ্গালোর, ভূপাল, ভুবনেশ্বর, চন্ডিগড়, চেন্নাই, গুয়াহাটি, হায়দ্রাবাদ, জয়পুর, জম্মু, কানপুর, কোলকাতা, নাগপুর, নিউ দিল্লী, মুম্বাই, নভি মুম্বাই(বেলাপুর), পাটনা, তিরুবনন্তপুরম-এর আঞ্চলিক ডাইরেক্টর অথবা চীফ জেনারেল ম্যানেজার, ডিপার্টমেন্ট অফ কারেন্সি ম্যানেজমেন্ট, ভারতের রিজার্ভ ব্যাংক, কেন্দ্রীয় কার্যালয়, মুম্বাই – ৪০০০০১ এর সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ করেছে।

মনে করতে হবে যে, জনসাধারণকে খুচরা মুদ্রা পৌঁছে দেবার পদক্ষেপ হিসাবে, রিজার্ভ ব্যাংক কিছু দিন আগে মহারাষ্ট্র ও গোয়াতে ডাক ঘরের মাধ্যমে খুচরা মুদ্রা বন্টনের জন্য মুম্বাইএর ডাক অধিকর্তাদের ও হিমাচল প্রদেশের জন্য হিমাচল প্রদেশ রোড ট্রান্সপোর্ট কর্পোরেশনের সঙ্গে সংযুক্তিকরণ করেছে।

আলপনা কিন্নাওয়াল
জেনারেল ম্যানেজার

প্রেস বিজ্ঞপ্তি: 2002-2003/230